

বাদশাহ মুজাফফর উদ্দীন কেমন লোক ছিলেন?

আরবিলের (ইরাক) বাদশাহ- যিনি সর্ব প্রথম রাষ্ট্রীয় মর্যাদায় মিলাদুন্নবী উদযাপন করেছেন- তিনি কেমন লোক ছিলেন? সাধারণ বাদশাহগণের ন্যায় ভোগ বিলাসী- না কি দীনদার? এ সম্পর্কে আব্দামা সাইয়েদ আহমদ আবেদীন দামেস্কী- (মৃত্যু ১৩২০ হিজরী বলেন :

قَالَ ابْنُ كَثِيرٍ فِي تَارِيخِهِ كَانَ الْمَلِكُ الْمُظْفَرُ يَعْمَلُ الْمَوْلِدَ
الشَّرِيفَ فِي رَبِيعِ الْأَوَّلِ وَيَحْتَفِلُ فِيهِ احْتِفَالًا هَائِلًا وَكَانَ
شَهْمًا شُجَاعًا بَطْلًا عَاقِلًا وَطَالَتْ مُدَّتُهُ فِي الْمَلِكِ إِلَى أَنْ مَاتَ
وَهُوَ مُحَاصِرُ الْفَرَنْجِ بِمَدِينَةِ عَكَّةَ ثَلَاثِينَ وَسِتْمِئَةً مِائَةً مَحْمُودُ السِّيْرَةِ
وَالسَّرِيْرَةِ (نَثْرُ الدَّرْرِ عَلَى مَوْلِدِ ابْنِ حَجْرٍ صَفْحَةٌ ٣٣٨)

অর্থ : “ইবনে কাছির তাঁর ইতিহাস গ্রন্থে (আল বেদায়া ওয়ান নেহায়া) উল্লেখ করেছেন- বাদশাহ মুজাফফর উদ্দীন প্রতি রবিউল আউয়াল মাসে মিলাদুন্নবী পালন করতেন এবং এ মাসে তিনি বর্ণাঢ্য মাহফিলের আয়োজন করতেন। তিনি ছিলেন সুগঠিত দেহী, বীরপুরুষ, অতি বুদ্ধিমান এবং ন্যায়পরায়ন। তাঁর রাজত্ব কাল ছিল দীর্ঘ দিন- ৬৩০ হিজরী পর্য্যন্ত। যখন তিনি আককা নামক শহরে ইংরেজদের বিরুদ্ধে দুর্গ অবরোধ করে রেখে ছিলেন, তখন তিনি মৃত্যু বরণ করেন। তিনি ছিলেন প্রশংসনীয় চরিত্র ও গুণের অধিকারী”। -নাছরুদ দুরার।

ওহাবীদের অপপ্রচারের স্বরূপ

বাদশাহ মুজাফফর উদ্দীন ও ইবনে দিহইয়া- এ দুজনের পরিচয় নির্ভরযোগ্য সূত্রে বর্ণনা করার প্রয়োজন হয়েছে এ জন্যে যে, মিলাদ কেয়াম বিরোধীরা বাদশাহকে বলেছেন দুনিয়াদার ও ভোগ বিলাসী এবং ইবনে দিহইয়া কে বলেছেন দরবারী ফরমায়েশী আমলা। তাদের এই অপপ্রচারে বিশ্বাস করে সরলপ্রাণ মুসলমানগণ প্রতারিত হচ্ছে এবং মিলাদের উৎস মূলে ঘটনার উদ্বেক করছে। ওহাবীদের মিথ্যা চক্রান্ত থেকে আল্লাহ আমাদের হেফাজত করুন!